

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

উন্নয়ন অধিশাখা-১৪

www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০৮৩.৯৮ -

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

বিষয়: তেজগাঁও শিল্প এলাকার প্লট নম্বর-২৪১ এর অতিরিক্ত ০.২১ কাঠা খন্ড জমি বরাদ্দ প্রদান।

সূত্র: জনাব এম. মুকুল হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ওমেরা স্টিলস্ লিমিটেড এর ০৪-০২-২০২৪ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে তেজগাঁও শিল্প এলাকার প্লট নম্বর- ২৪১ এর অতিরিক্ত ০.২১ কাঠা খন্ডজমি দ্বিগুন মূল্য পরিশোধিত হওয়ায় উক্ত ০.২১ কাঠা (শূণ্য দশমিক দুই এক কাঠা) জমি ওমেরা স্টিলস্ লিমিটেড এর বরাবরে মূল লিজ দলিলের শর্তসহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

শর্তাবলী:

- ১। জমির বরাদ্দপত্র/দখলভার প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে সম্পূরক লিজ দলিল সম্পাদনের নিমিত্ত সম্পূরক লিজ দলিলের খসড়া এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। লিজ দলিল রেজিস্ট্রেশনের যাবতীয় খরচ বরাদ্দপ্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। সম্পাদিত সম্পূরক লিজ দলিলের কপি মন্ত্রণালয়ে জমা দিতে হবে;
- ২। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগপূর্বক বরাদ্দকৃত জমির দখলভার বুঝে নিতে হবে;
- ৩। বরাদ্দকৃত জমির উন্নয়ন সংক্রান্ত ব্যয় বরাদ্দপ্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। জমি যে অবস্থায় আছে সে অবস্থায় দখল গ্রহণ করতে হবে;
- ৪। বরাদ্দকৃত জমির কোন অংশ অবৈধভাবে ভাড়া অথবা অবৈধ হস্তান্তর করার অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণ হলে বরাদ্দ বাতিল করা হবে;
- ৫। বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর, গ্রাউন্ড রেন্ট ও অন্যান্য সরকারি পাওনাদি বরাদ্দপ্রাপ্ত সংস্থা কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট অফিস/তহশিল/ভূমি অফিসে জমা প্রদান করতে হবে;
- ৬। বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে অথবা যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে জমি ব্যবহার করা হলে বরাদ্দ বাতিল করা হবে।

জনাব এম. মুকুল হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা
ওমেরা স্টিলস্ লিমিটেড
প্লট নম্বর - ২৪১
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

(মোঃ জহিরুল ইসলাম খান)
যুগ্মসচিব
ফোন: ০২৫৫১০০৩৭৫
section14mohpw@gmail.com

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০৮৩.৯৮ -

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা।
- ৫। সার্ব-রেজিস্ট্রার, তেজগাঁও, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ জহিরুল ইসলাম খান)
যুগ্মসচিব